আলমডাঙ্গা ভাংবাড়িয়া ইউপির ৩ নং ওয়ার্ড বিএনপির সাধারণ সম্পাদক গনির আর নেই

আলমডাঙ্গা ভাংবাড়ীয়া ইউনিয়ন ৩ নং ওয়ার্ড বিএনপি’র সাধারণ সম্পাদক উসমান গনির ইন্তেকাল করেছেন।

দীর্ঘদিন অসুস্থ থাকার পর কুষ্টিয়া সদর হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়। তাঁর মৃত্যুর খবর শুনে শোকাহত পরিবারের পাশে ছুটে এলেন শরীফুজ্জামান শরীফ।

আলমডাঙ্গা উপজেলার ভাংবাড়ীয়া ইউনিয়ন ৩ নং ওয়ার্ড বিএনপির সাধারণ সম্পাদক উসমান গনি দীর্ঘদিন বিভিন্ন রোগে আক্রান্ত থাকার পর গতকাল মঙ্গলবার বিকেল ৪ টার দিকে কুষ্টিয়া সদর হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেছেন। মৃত্যুকালে তার বয়স ছিল আনুমানিক ৬০ বছর।

তিনি মৃত্যুকালে স্ত্রী, এক ছেলে, এক মেয়েসহ অসংখ্য গুনগ্রাহী রেখে গেছেন। তার মৃত্যুর সংবাদে শোকাহত পরিবারের পাশে দাঁড়াতে চুয়াডাঙ্গা জেলা বিএনপি’র সাধারণ সম্পাদক ও বিএনপি মনোনীত সংসদ সদস্য পদপ্রার্থী শরীফুজ্জামান শরীফ নগরবোয়ালিয়ায় ছুটে আসেন।

তিনি মরহুমের পরিবারের সঙ্গে সাক্ষাৎ করেন, তাদের খোঁজখবর নেন এবং গভীর শোক প্রকাশ করেন।

মরহুমের দাফন কার্য সম্পন্ন হয় রাত ৯ টার দিকে নগরবোয়ালিয়া কেন্দ্রীয় ঈদগাহ ময়দানে।

জানাজার নামাজ শেষে মরহুমকে কেন্দ্রীয় কবরস্থানে দাফন করা হয়। পরে মরহুমের আত্মার শান্তি কামনায় বিশেষ মোনাজাত অনুষ্ঠিত হয়।